আন্তর্জাতিক মঞ্চে ‘মিস ইউনিভার্স বাংলাদেশ’ হিসেবে আনিকা আলম

written by Chandradip News24 | October 29, 2024

চন্দ্রদ্বীপ ডেস্ক:: তিন বছরের বিরতির পর, বাংলাদেশ আবারও অংশ নিতে যাচ্ছে ‘মিস ইউনিভার্স’-এ। দেশের প্রতিনিধিত্ব করবেন আনিকা আলম, যিনি সরাসরি নির্বাচনের মাধ্যমে এই সম্মান অর্জন করেছেন। রবিবার, ২৭ আগস্ট ঢাকায় আয়োজিত সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন ফ্লোরা এন্টারটেইনমেন্টের কর্মকর্তারা।

আনিকা আলম শুধু একজন আন্তর্জাতিক মেকআপ আর্টিস্টই নন, তিনি নারীর ক্ষমতায়নের প্রতীক ও একজন নিবেদিত মা। লস অ্যাঞ্জেলেসে মেয়রের অফিসে কাজ করার পাশাপাশি জাতিসংঘের ‘জিরো হাঙ্গার’ লক্ষ্য অর্জনে কাজ করছেন। আনিকা মেক্সিকোর মঞ্চে দেশের সুনাম বৃদ্ধি করতে চান এবং তিনি তার পথচলায় সবার সহযোগিতা ও দোয়া কামনা করেন।

মিস ইউনিভার্স প্রতিযোগিতায় বিবাহিতদের অংশগ্রহণের বিষয়ে কান্ট্রি ডিরেক্টর শফিকুল ইসলাম জানান, নতুন নিয়ম অনুযায়ী, ২০২৩

সাল থেকে বিবাহিতদের অংশগ্রহণের সুযোগ দেওয়া হচ্ছে, ফলে আনিকাও এই সুযোগ পেয়ে যাচ্ছেন।

আগামী ৩০ অক্টোবর আনিকা মেক্সিকো যাত্রা করবেন, এবং গ্র্যান্ড ফিনালে অনুষ্ঠিত হবে নভেম্বরের ১৫ অথবা ১৮ তারিখে। সাম্প্রতিক বন্যা ও জুলাই আন্দোলনের শহিদদের স্মরণে মিস ইউনিভার্স বাংলাদেশের ইভেন্ট বাতিল করা হয়েছে এবং ক্ষতিগ্রস্তদের সহায়তায় ৫ লাখ টাকা প্রদানের ঘোষণা দেওয়া হয়েছে।